

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ‘শেখ হাসিনার বৈশ্বিক ভাবমূর্তি : প্রসঙ্গ রোহিঙ্গা প্রত্যাবাসন’ শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দীন আহমদ সিনেট ভবনে এই সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারটির আয়োজন করে বাংলাদেশ প্রগতিশীল কলাম লেখক ফোরাম।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাসান মো. শামসুদ্দীন।

বিজ্ঞাপন

প্রধান অতিথি ছিলেন রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন। সভাপতিত্ব করেন রাবি উপাচার্য গোলাম সাক্বির সান্তার।

মেয়র খায়রুজ্জামান তাঁর বক্তব্যে বলেন, ‘বর্তমানে আমরা যে জটিল সমস্যাগুলোর মধ্য দিয়ে যাচ্ছি, তার মধ্যে রোহিঙ্গা সমস্যা অন্যতম। রোহিঙ্গাদের মধ্যে নিজ দেশে ফিরে যাওয়ার আকাঙ্ক্ষা লক্ষ করেছিলাম আমরা। তাদের ফিরে যাওয়ার আন্দোলনের পক্ষে রোহিঙ্গা নেতা মাস্টার মহিবুল্লাহ শক্তিশালী ভূমিকা পালন করেছিলেন। কিন্তু তাঁকে হত্যা করা হয়, যাতে আন্দোলন বেগবান না হয়।’

তিনি আরো বলেন, ‘মিয়ানমার পুরো বিশ্বকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে যাচ্ছে, সেটিও আবার বছরের পর বছর। কাদের পৃষ্ঠপোষকতায় তারা এটি করছে, সেটা সবার বোঝা উচিত। রোহিঙ্গা সমস্যা নিয়ে সবাই আমাদের আশ্বস্ত করছেন, কিন্তু এখন পর্যন্ত আমরা এমন কাউকে দেখিনি—যাঁরা কার্যকর কিছু করেছেন। তবে ভালো লাগার বিষয় গাঙ্গিয়া আমাদের এই সমস্যাটা নিয়ে আন্তর্জাতিক আদালতে মামলা করেছে। তারা যদি করতে পারে তাহলে আমরা কি উন্নত বিশ্বের কাছে আশা করতে পারি না?’

সেমিনারে ফোরামের সভাপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মীজানুর রহমান বলেন, ‘রোহিঙ্গা সমস্যা আমাদের নিজস্ব সমস্যা না। এটা চাপিয়ে দেওয়া সমস্যা। এই সমস্যা দীর্ঘস্থায়ী হওয়ার ফলে আরো অনেক সমস্যা সৃষ্টি হচ্ছে। আমরা এই সমস্যা সমাধানে আন্তর্জাতিক সংস্থাগুলোকে আহ্বান করছি। সেই সঙ্গে প্রত্যাশা করব রোহিঙ্গারা তাদের নিজেদের দেশে ফিরে যাবেন।’

অধ্যাপক গোলাম সাক্বির সান্তার বলেন, ‘২০১৭ সালে রোহিঙ্গারা এ দেশে আসার পর থেকে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানরা অনেক কথাই বলেছেন, কিন্তু কিছুই করেননি। শুধু একজনই করেছেন, তিনি জননেত্রী শেখ হাসিনা।’

প্রগতিশীল কলাম লেখক ফোরামের সাধারণ সম্পাদক অধ্যাপক মিল্টন বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শাহ্ আজম শান্তনু, ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য রাশিদ আসকারী, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আতিকুর ইসলাম, রাবি উপ-উপাচার্য সুলতান-উল-ইসলাম প্রমুখ।